গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.৯

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচার।**

৪ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার সন্ধ্যা ৭:০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে একযোগে সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে ভাষণটি একযোগে রিলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম ব্যান্ডে (যদি থাকে) স্ব স্ব কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার হবে।

২। অনুষ্ঠানের স্থান/সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ টেলিভিশন এর সাথে যোগাযোগপূর্বক ভাষণ যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য ভাষণটির সময়সূচি পরিবর্তন/ বাতিল এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট ও কেন্দ্রগুলোর পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলীগণকে সময়সূচি পরিবর্তন/ বাতিলের বিষয়ে অবহিত করবেন।

৩। ভাষণটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত ভাষণ, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ, এবং এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর ভাষণসমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে এবং ঢাকা-গ এর পূর্ব নির্ধারিত ভাষণ প্রচার বন্ধ থাকবে।

৪। ভাষণটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। ভাষণ প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটার গুলো চালু না থাকলে ভাষণ শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে ভাষণ প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে বা সুবিধাজনক স্থানে ডিশলাইন সংযুক্ত ০১ (এক) টি টেলিভিশন মনিটরের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে ভাষণ প্রচার নিশ্চিত করবেন।

৮। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারের পূর্বে ঘোষণা/ প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের ব্যাপকভাবে অবহিত করার জন্য পরিচালক/ আঞ্চলিক পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচারের পূর্বে/ পরে ফিলার প্রচারে স্ব স্ব উপস্থাপনা শাখা অনুমোদিত সংগীত/ ভাষণ/ গানের তালিকা অনুসরণ করবেন।

১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। উক্ত ভাষণ সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী/ উপস্থাপক-উপস্থাপিকাগণ ভাষণ শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৪-০১-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন: ০২-৪৪৮১৩০৬৭
adgprogramme@gmail.com

।

স্মারক নম্বর:

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৪ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;
৩। পরিচালক/সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা;
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া;
৬। পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;
৭। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;
৮। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস/ মনিটরিং আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;
৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে);
১০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১১। নথি।

০৪-০১-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন: ০২-৪৪৮১৩০২৯